C.  $K_p = K_c$ , যখন  $\Delta n = 0$  D. সবগুলি

**S(OW)**  $K_p$  ও  $K_c$  এর তুলনা:

টেকনিক	উদাহরণ	$\Delta n$
$\Delta n = 0$ হলে $K_p = K_c$	$H_2 + I_2 \rightleftharpoons 2HI$	$\Delta n = 2 - 2 = 0$
$\Delta n = +ve$ হলে $K_p > K_c$	$2SO_3 \rightleftharpoons 2SO_2 + O_2$	$\Delta n = (2 + 1) - 2 = 1$
$\Delta n = -ve$ হলে $K_p < K_c$	$N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$	$\Delta n = 2 - (1 + 3) = -2$

02. বিক্রিয়াজনকের কোনটিতে সাম্যসূত্রক একটি মাত্র পদার্থের ঘনমাত্রার উপর নির্ভর করে? [RU-C, Topaz-3: 2022-23]

A.  $C(s) + CO_2(g) \rightleftharpoons 2CO(g)$  B.  $H_2(g) + Cl_2(g) \rightleftharpoons 2HCl(g)$

C.  $CaCO_3(s) \rightleftharpoons CaO(s) + CO_2(g)$  D.  $N_2O_4(g) \rightleftharpoons 2NO_2(g)$

**Ans C Analysis**  $CaCO_3(s) \rightleftharpoons CaO(s) + CO_2(g)$

বিক্রিয়ায়  $CaCO_3$  ও  $CaO$  কঠিন পদার্থ কিন্তু  $CO_2$  গ্যাসীয়। সাম্যসূত্রকের ঘনমাত্রা গ্যাসীয় অবস্থার উপর নির্ভর করে।

যেহেতু, গ্যাসীয় অবস্থার যৌগ 1টি তাই এ বিক্রিয়ার সাম্যসূত্রকের ঘনমাত্রা 1টি মাত্র পদার্থের ঘনমাত্রার উপর করে।  $K_c = [CO_2]$

03.  $2N_2O_5(g) \xrightarrow{\Delta} 4NO_2(g) + O_2(g)$  বিক্রিয়ার  $K_p$  ও  $K_c$  এর সম্পর্ক হলো- [RU-C, Shift-4, Set-1 (Venus-1): 2021-22]

A.  $K_p = K_c (RT)^{-2}$  B.  $K_p (RT)^{-3} = K_c$

C.  $K_p = K_c$  D.  $K_p = K_c (RT)^2$

**Ans B Analysis** আমরা জানি,  $\Delta n =$  গ্যাসীয় উৎপাদের মোল সংখ্যা - গ্যাসীয় বিক্রিয়কের মোল সংখ্যা

$2N_2O_5 \xrightarrow{\Delta} 4NO_2(g) + O_2(g)$  বিক্রিয়ার ক্ষেত্রে  $\Delta n = 5 - 2 = 3$   
 $\therefore K_p = K_c (RT)^{\Delta n} \Rightarrow K_p = K_c (RT)^3 \Rightarrow K_c = K_p (RT)^{-3}$

04.  $PCl_5 \rightleftharpoons PCl_3 + Cl_2$  বিক্রিয়ার ক্ষেত্রে  $K_p = K_c RT$  হলে  $H_2 + I_2 \rightleftharpoons 2HI$  এর ক্ষেত্রে কোনটি সঠিক? [RU-C, Neptune-2, Set-1: 2021-22]

A.  $K_p = K_c RT$  B.  $K_p = K_c$

C.  $K_p = K_c (RT)^{-1}$  D.  $K_p = K_c (RT)^2$

**Ans B Analysis**  $H_2 + I_2 \rightleftharpoons 2HI$  বিক্রিয়ার ক্ষেত্রে, আমরা জানি,  $\Delta n =$  গ্যাসীয় উৎপাদের মোল সংখ্যা - গ্যাসীয় বিক্রিয়কের মোল সংখ্যা  $= 2 - 2 = 0$

$K_p = K_c (RT)^{\Delta n} \Rightarrow K_p = K_c (RT)^0 \therefore K_p = K_c$

05.  $3Fe(s) + 4H_2O(\text{steam}) \rightleftharpoons Fe_3O_4(s) + 4H_2(g)$  বিক্রিয়ার ক্ষেত্রে  $K_p$  ও  $K_c$  এর সম্পর্ক কি? [RU-H, 2017-18]

A.  $K_p = K_c (RT)^{-2}$  B.  $K_p = K_c (RT)^{-1}$

C.  $K_p = K_c$  D. কোনটিই নয়

**Ans C Analysis**  $K_p = K_c (RT)^{\Delta n}$  [ $\Delta n = 4 - 4 = 0$ ]  
 $\Rightarrow K_p = K_c (RT)^0 \Rightarrow K_p = K_c$

06. কোন বিক্রিয়ার বিক্রিয়ক ও উৎপাদের মোল সংখ্যা যখন সমান হয়, তখন- [RU, 2012-13]

A.  $K_p = K_c$  B.  $K_p = K_c^2$

C.  $K_p > K_c$  D.  $K_p \neq K_c$  **Ans A**

07. কোন বিক্রিয়াটির  $K_c$  এর একক mol<sup>-1</sup>L? [RU, 2010-11]

A.  $N_2O_4 \rightleftharpoons 2NO_2$  B.  $2NH_3 \rightleftharpoons N_2 + 3H_2$

C.  $2NO + O_2 \rightleftharpoons 2NO_2$  D.  $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$

**Ans C Analysis**  $2NO + O_2 \rightleftharpoons 2NO_2$ ;  $\Delta n = 2 - (2 + 1) = -1$   
 $K_c$  এর একক হবে  $(\text{mol L}^{-1})^{-1} = \text{mol}^{-1}\text{L}$

08. কোন বিক্রিয়াটির  $K_p$  উহার  $K_c$  এর মান অপেক্ষা বড়? [RU, 2010-11]

A.  $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$  B.  $H_2 + I_2 \rightleftharpoons 2HI$

C.  $PCl_3 + Cl_2 \rightleftharpoons PCl_5$  D.  $2SO_3 \rightleftharpoons 2SO_2 + O_2$

**Ans D Analysis**  $2SO_3 \rightleftharpoons 2SO_2 + O_2$ ;  $\Delta n = (2 + 1) - 2 = 1$   
 $K_p = K_c (RT)^1 \Rightarrow K_p > K_c$

09.  $CO(g) + 2H_2(g) \rightleftharpoons CH_3OH(g)$  বিক্রিয়ার  $K_c$  এর একক। [RU, 2006-07]

A. mol<sup>-2</sup>L<sup>2</sup> B. molL<sup>-1</sup> C. mol<sup>-2</sup>L<sup>-1</sup> D. mol<sup>2</sup>L<sup>-1</sup>

**Ans A Analysis**  $K_c = \frac{\text{mol/L}}{\text{mol/L} (\text{mol/L})^2} = \text{L}^2\text{mol}^{-2}$

**CU QUESTION**

01. কোন বিক্রিয়ার  $K_p = K_c$  হলে  $\Delta n$  এর মান কত? [CU-A, Set-4, 20-21; RU, 2009-10; HSTU-B, 2017-18]

A. 1 B. 2 C. 0 D. 0.5

**Ans C Analysis** আমরা জানি,  $K_p = K_c (RT)^{\Delta n}$

এখানে, যদি  $\Delta n = 0$  হয় তবে,  $K_p = K_c (RT)^0$   
 বা,  $K_p = K_c \cdot 1$  বা,  $K_p = K_c$



02.  $\text{PCl}_5(\text{g}) + \text{Cl}_2 \rightleftharpoons \text{PCl}_6(\text{g})$  উভয়ই বিক্রিয়ার জন্য কোনটি ঠিক। [CU.2002-03]  
 A.  $K_p < K_c$  B.  $K_p = K_c$  C.  $K_p > K_c$  D. কোনটিই নয়  
**Ans A Analysis**  $\Delta n = 1 - 2 = -1$ ,  $K_p = K_c(\text{RT})^{-1} \Rightarrow K_p \times \text{RT} = K_c$

### DU AFFILIATED COLLEGE QUESTION

01.  $\text{PCl}_5$  এর বিয়োজনের ক্ষেত্রে  $K_c$  এর একক হলো— [DU Tech: 2022-23]  
 A.  $\text{L mol}^{-1}$  B.  $\text{mol L}^{-1}$  C.  $\text{mol L}$  D.  $\text{mol}^{-1} \text{L}^{-1}$

**Ans B Analysis**  $\text{PCl}_5(\text{g}) \rightleftharpoons \text{PCl}_3(\text{g}) + \text{Cl}_2(\text{g})$   
 $\therefore \Delta n = 2 - 1 = 1$ ,  $K_c$  এর একক হবে  $(\text{mol L}^{-1})^1 = \text{mol L}^{-1}$   
 $K_p$  এর একক হবে  $(\text{atm})^1 = \text{atm}$

02.  $\text{A}_2(\text{g}) + 3\text{B}_2(\text{g}) \rightleftharpoons 2\text{AB}_3(\text{g})$  বিক্রিয়াটির জন্য নিচের কোন সমীকরণটি সঠিক? [DU Tech: 2022-23]  
 A.  $K_p = K_c$  B.  $K_p = K_c(\text{RT})^{-2}$  C.  $K_p = K_c(\text{RT})^{-1}$  D.  $K_c = K_p(\text{RT})^{-2}$

**Ans B Analysis**  $\text{A}_2(\text{g}) + 3\text{B}_2(\text{g}) \rightleftharpoons 2\text{AB}_3(\text{g})$   
 $\Rightarrow K_p = K_c(\text{RT})^{\Delta n}$  এখানে,  $\Delta n = 2 - 4$   
 $\Rightarrow K_p = K_c(\text{RT})^{-2}$   $= -2$

03.  $\text{NH}_3$  অণুর বিয়োজনের ক্ষেত্রে  $K_p$  এবং  $K_c$  এর মধ্যকার সম্পর্কটি হলো— [DU-Tech. 2021-22]  
 A.  $K_p = K_c(\text{RT})^2$  B.  $K_p = K_c(\text{RT})^{-2}$   
 C.  $K_p = K_c$  D.  $K_c = K_p(\text{RT})^2$

**Ans A Analysis**  $2\text{NH}_3 \rightleftharpoons \text{N}_2 + 3\text{H}_2$   
 $K_p = K_c(\text{RT})^{\Delta n} \Rightarrow K_p = K_c(\text{RT})^{4-2} \Rightarrow K_p = K_c(\text{RT})^2$

04. কোন বিক্রিয়ার সাম্য ধ্রুবক,  $K_c$  এর একক (ঘনমাত্রা)<sup>-1</sup>? [DU-7 Clg: 2018-19]  
 A.  $\text{H}_2 + \text{I}_2 = 2\text{HI}$  B.  $\text{N}_2 + 3\text{H}_2 = 2\text{NH}_3$   
 C.  $2\text{NO}_2 = \text{N}_2\text{O}_4$  D.  $\text{CH}_4 + \text{H}_2\text{O} = \text{CO} + 3\text{H}_2$

**Ans C Analysis** A. অপশনে  $\Delta n = 0$  কোন একক নেই  
 B. অপশনে  $\Delta n = -2$  একক (ঘনমাত্রা)<sup>-2</sup>  
 C. অপশনে  $\Delta n = -1$  একক (ঘনমাত্রা)<sup>-1</sup>  
 D. অপশনে  $\Delta n = 2$  একক (ঘনমাত্রা)<sup>2</sup>

### ENGINEERING QUESTION

01. নিচের কোন সমীকরণটি সঠিক? [CKRUET. 2021-22]  
 A.  $K_p = K_c(\text{RT})^{\Delta n}$  B.  $E_{\text{cell}} = E_{\text{cell}}^0 + \text{RT} \ln \frac{[\text{Product}]}{[\text{Reactant}]}$   
 C.  $E = h \frac{\lambda}{c}$  D.  $\text{pH} - \text{pOH} = \text{p}K_w$

E.  $E_{\text{cell}} = E_{\text{cell}}^0 + \text{RT} \ln \frac{[\text{Reactant}]}{[\text{Product}]}$

**Ans A Analysis** গুরুত্বপূর্ণ কিছু সমীকরণ:

- $K_p = K_c(\text{RT})^{\Delta n}$
- $E = \frac{hc}{\lambda}$
- $\text{pH} + \text{pOH} = \text{p}K_w$
- $E_{\text{cell}} = E_{\text{cell}}^0 - \frac{0.05915}{n} \log \frac{[\text{উৎপাদ}]}{[\text{বিক্রিয়ক}]}$

### HSC BOARD QUESTION

01.  $\text{A}_2(\text{g}) + 3\text{B}_2(\text{g}) \rightleftharpoons 2\text{AB}_3(\text{g})$ ; বিক্রিয়ার জন্য  $K_p$  এবং  $K_c$  এর মধ্যে সম্পর্ক কোনটি? [সি.বো. ২০২৩; ২০১৬, সি. বো. ১৬]  
 A.  $K_p = K_c(\text{RT})^2$  B.  $K_c = K_p(\text{RT})^2$   
 C.  $K_p = K_c(\text{RT})^{-1}$  D.  $K_c = K_p(\text{RT})^{-2}$  **Ans B**
02. সাম্য ধ্রুবকের মান নির্ণয়ের কোনটির উপর নির্ভর করে? [সি.বো. ২০২৩]  
 A. চাপ B. তাপমাত্রা  
 C. ঘনমাত্রা D. প্রভাবক **Ans B**
03. নিচের কোন সম্পর্কটি সঠিক? [সি.বো. ২০২৩]  
 A.  $K_c = K_p(\text{RT})^{\Delta n}$  B.  $K_p = K_c(\text{RT})^{\Delta n}$   
 C.  $K_c = \frac{(\text{RT})^{\Delta n}}{K_p}$  D.  $K_p = \frac{K_c}{(\text{RT})^{\Delta n}}$  **Ans B**

- নিচের উদ্দীপকটি থেকে পরবর্তী প্রশ্ন দুটির উত্তর দাও:  
 $2\text{SO}_2(\text{g}) + \text{O}_2(\text{g}) \xrightleftharpoons[\text{V}_2\text{O}_5]{450-500^\circ\text{C}} 2\text{SO}_3(\text{g}); \Delta H = -198 \text{ kJ/mol}$  বিক্রিয়াটির

ক্ষেত্রে —

04.  $K_p$  ও  $K_c$  এর সম্পর্ক কোনটি? [সি.বো. ২০২৩]  
 A.  $K_p = K_c(\text{RT})^{-1}$  B.  $K_p = K_c(\text{RT})$   
 C.  $K_p = K_c(\text{RT})^{-2}$  D.  $K_c = K_p(\text{RT})^{-1}$  **Ans A**

05. বিক্রিয়াটির বৈশিষ্ট্য হলো— [সি.বো. ২০২৩]  
 i. সম্মুখ বিক্রিয়ার আয়তনের সংকোচন ঘটে  
 ii. অধিক পরিমাণ  $\text{O}_2$  যোগে বিক্রিয়ার সাম্যাবস্থা বামে সরে যাবে।  
 iii. পচাত্মীয় বিক্রিয়াটি তাপহারী হবে  
 নিচের কোনটি সঠিক?  
 A. ii B. ii ও iii C. i ও iii D. i, ii ও iii **Ans C**

06.  $\text{AB}_2(\text{g}) + \frac{1}{2} \text{B}_2(\text{g}) \rightleftharpoons \text{AB}_3(\text{g})$  বিক্রিয়াটিতে  $K_p$  এবং  $K_c$  এর মধ্যে সম্পর্কের সমীকরণ কোনটি? [সি.বো. ২০২৩]

A.  $K_p = K_c$  B.  $K_p = K_c(\text{RT})^{-\frac{1}{2}}$   
 C.  $K_p = K_c(\text{RT})^{\frac{1}{2}}$  D.  $K_p = K_c(\text{RT})^2$  **Ans B**

07. সাম্য ধ্রুবকের মান— [সি.বো. ২০২৩]  
 i. তাপমাত্রার উপর নির্ভরশীল  
 ii. প্রভাবক দ্বারা প্রভাবিত হয় না  
 iii. ক্ষুদ্র হলে মিশ্রণে বিক্রিয়ক বেশি থাকে  
 নিচের কোনটি সঠিক?  
 A. i ও ii B. i ও iii C. ii ও iii D. i, ii ও iii **Ans D**

08. নিচের কোন বিক্রিয়ায়  $\Delta n > 0$ ? [সি.বো. ২০২৩]

A.  $\text{N}_2\text{O}_4(\text{g}) = 2\text{NO}_2(\text{g})$  B.  $2\text{SO}_2(\text{g}) + \text{O}_2(\text{g}) = 2\text{SO}_3(\text{g})$   
 C.  $\text{H}_2(\text{g}) + \text{I}_2(\text{g}) = 2\text{HI}(\text{g})$   
 D.  $\text{N}_2(\text{g}) + 3\text{H}_2(\text{g}) = 2\text{NH}_3(\text{g})$  **Ans A**

09. ভরবিক্রিয়ার সূত্রে নিচের কোনটিকে সক্রিয় ভর হিসেবে নির্দেশ করা হয়? [সি.বো. ২০২৩]

A. আণবিক ভর B. মোল সংখ্যা  
 C. পারমাণবিক ভর D. মোলার ঘনমাত্রা **Ans D**

10.  $2\text{AB} \rightleftharpoons \text{A}_2 + \text{B}_2$ ;  $\Delta H = +ve$  এই বিক্রিয়ার জন্য কোনটি সঠিক? [সি.বো. ২২]

A.  $K_p = K_c(\text{RT})^2$  B.  $K_p = K_c(\text{RT})$   
 C.  $K_p = K_c$  D.  $K_p = K_c(\text{RT})^3$  **Ans C**

11.  $K_c$  এর মানের ক্ষেত্রে কোনটি সঠিক? [সি.বো. ২২]  
 A. এর মান 1 হতে পারে B. এর মান প্রভাবকের উপর নির্ভর করে  
 C. এর মান চাপের উপর নির্ভর করে D. এর মান অসীম হতে পারে **Ans A**

12.  $\text{AB}(\text{g}) \rightleftharpoons \text{A}(\text{g}) + \text{B}(\text{g})$ ; বিক্রিয়াটিতে  $K_p$  একক কোনটি? [সি.বো. ২২]  
 A. atm B.  $\text{atm}^{-1}$  C.  $\text{atm}^2$  D.  $\text{atm}^{-2}$  **Ans A**

13.  $\text{N}_2(\text{g}) + 3\text{H}_2(\text{g}) \rightleftharpoons 2\text{NH}_3(\text{g})$  বিক্রিয়ার  $K_p$  এর একক কোনটি? [সি.বো. ২২; সি.বো. ২২]

A. atm B.  $\text{atm}^2$   
 C.  $\text{atm}^{-1}$  D.  $\text{atm}^{-2}$  **Ans D**

14. কোন বিক্রিয়াটির  $K_c$  এর একক  $\text{mol}^{-1} \text{L}$ ? [সি.বো. ২২]

A.  $\text{N}_2\text{O}_4 = 2\text{NO}_2$  B.  $2\text{NH}_3 = \text{N}_2 + 3\text{H}_2$   
 C.  $2\text{NO} + \text{O}_2 = 2\text{NO}_2$  D.  $\text{N}_2 + 3\text{H}_2 = 2\text{NH}_3$  **Ans C**

15.  $\text{X}_2 + \text{Y}_2 \rightleftharpoons 2\text{XY}$ ; বিক্রিয়াটির ক্ষেত্রে কোনটি প্রযোজ্য? [সি.বো. ২২]


A.  $K_p > K_c$  B.  $K_p = K_c$   
 C.  $K_p < K_c$  D.  $K_p \neq K_c$  **Ans B**

16. মোলার ঘনমাত্রায় প্রকাশিত সাম্য ধ্রুবক কোনটি? [সি.বো. ২২]

A.  $K_p$  B.  $K_c$   
 C.  $K_w$  D.  $K_a$  **Ans B**



□ উদ্দীপকটি পড়ে নিচের 17 ও 18 নং প্রশ্নের উত্তর দাও:



এখানে, AB, A, B এর মোলসংখ্যা সাম্যাবস্থায় যথাক্রমে 13, 8, 10.

17. বিক্রিয়াটির সাম্যাবস্থার মান কত? [সি.সে. ২২]
- A. 2.112                      B. 1.763  
C. 1.256                      D. 0.473  
**Ans A**
18. এই বিক্রিয়ার  $K_p$  ও  $K_c$  এর সম্পর্ক কী? [সি.সে. ২২]
- A.  $K_p > K_c$                       B.  $K_p < K_c$   
C.  $K_p = K_c$                       D.  $K_p \neq K_c$   
**Ans C**

19. সক্রিয় ভর বলতে বুঝায়- [সকল বোর্ড-২০১৮]
- i. মোলার ঘনমাত্রা ii. আংশিক চাপ iii. আণবিক ভর  
নিচের কোনটি সঠিক?
- A. i ও ii                      B. ii ও iii                      C. i ও iii                      D. i, ii ও iii **Ans A**
20.  $N_2(g) + 3H_2(g) = 2NH_3(g)$  বিক্রিয়াটিতে  $K_p$  ও  $K_c$  এর মধ্যে সম্পর্ক কোনটি? [সি.সে. ২০১৮]
- A.  $K_p = K_c (RT)^2$                       B.  $K_p = K_c (RT)$   
C.  $K_p = K_c (RT)^{-2}$                       D.  $K_c = K_p (RT)$  **Ans C**
21.  $A + B = 3D$  বিক্রিয়াটিতে  $K_p$  এর  $K_c$  এর সম্পর্কের সমীকরণ কোনটি? [সি.সে. ২০১৫]
- A.  $K_p = K_c (RT)^{-1}$                       B.  $K_c = K_p (RT)$   
C.  $K_p = K_c (RT)$                       D.  $K_c = K_p (RT)^2$  **Ans C**


**CONCEPT 07 লা-শাতেলিয়ার নীতি সম্পর্কিত তথ্যাবলী**

- লা-শাতেলিয়ার নীতি: এটি সচল সাম্যাবস্থা নীতি নামেও পরিচিত। এ নীতিতে নিয়ামক চারটি। যথা- [RU-H. 17-18; RU-H. 17-18; IU-A 17-18; SUST.2012-13]
1. তাপমাত্রা 2. ঘনমাত্রা 3. চাপ 4. নিষ্ক্রিয় পদার্থ সংযোগ
01. তাপমাত্রার প্রভাব: মনে রাখবে, রসায়ন বিজ্ঞান তেলা মাখায় তেল দেওয়া পছন্দ করে না। তাই তাপোৎপাদী বিক্রিয়ায় তাপ প্রদান করলে উৎপাদ হ্রাস পায় আর তাপ অপসারণ করলে উৎপাদ বাড়ে।
- তাপমাত্রা পরিবর্তনের সাথে সাম্যাবস্থার পরিবর্তন: [JU-A. 17-18; A. 17-18; DU-Ka. 14-15, 11-12, 02-03; IU. 05-06, 08-09; JnU 10-11]

বিক্রিয়া	$\Delta H$	তাপমাত্রার পরিবর্তন	সাম্যাবস্থার পরিবর্তন	বিক্রিয়ক	উৎপাদ
তাপোৎপাদী	ঋণাত্মক	হ্রাস পেলে	বৃদ্ধি পাবে	হ্রাস পাবে	বৃদ্ধি পাবে
		বৃদ্ধি পেলে	হ্রাস পাবে	বৃদ্ধি পাবে	হ্রাস পাবে
তাপগ্রহী	ধনাত্মক	বৃদ্ধি পেলে	বৃদ্ধি পাবে	হ্রাস পাবে	বৃদ্ধি পাবে
		হ্রাস পেলে	হ্রাস পাবে	বৃদ্ধি পাবে	হ্রাস পাবে

02. ঘনমাত্রার প্রভাব: [MAT.2014-15; JU-A 16-17; IU 15-16]
- | পরিবর্তন                           | প্রভাব                             | ফলাফল         | উদাহরণ  |
|------------------------------------|------------------------------------|---------------|---|
| সাম্য মিশ্রণে বিক্রিয়ক সংযোগ      | সাম্যের অবস্থান ডানদিকে সরে যায়   | উৎপাদন বৃদ্ধি | স্পর্শ প্রণালীতে $H_2SO_4$ উৎপাদন হয়                       |
| সাম্য মিশ্রণ থেকে উৎপাদ অপসারণ     | সাম্যের অবস্থান ডানদিকে স্থানান্তর | উৎপাদন বৃদ্ধি | হেবার পদ্ধতিতে $NH_3$ উৎপাদনের সময় $NH_3$ অপসারণ           |
| বিক্রিয়াস্থলে উৎপন্ন দ্রব্য সংযোগ | সাম্যের অবস্থান বামে স্থানান্তর    | উৎপাদন হ্রাস  | হেবার পদ্ধতিতে $NH_3$ উৎপাদনের সময় বাহির হতে $NH_3$ সরবরাহ |
| সাম্য মিশ্রণ থেকে বিক্রিয়ক অপসারণ | সাম্যের অবস্থান বামদিকে সরে যায়   | উৎপাদন হ্রাস  | $HNO_3$ উৎপাদনের সময় অপরিষ্কৃত $NO$ বা $O_2$ সরবরাহ        |

03. চাপের প্রভাব: [DU-Ka.2009-10, 16-17; IU-D.16-17; CoU-A. 16-17; CU 14-15; JU 12-13; RU 09-10; JnU 11-12; IU 11-12]
- দ্রবণে বা কঠিন অবস্থায় বিক্রিয়ার ক্ষেত্রে চাপের প্রভাব নেই। বিক্রিয়ক ও উৎপাদের মোল সংখ্যা সমান হলেও চাপের কোন প্রভাব নেই। যেমন-  $H_2 + I_2 \rightleftharpoons 2HI$
- এখানে, বিক্রিয়কের মোট মোলসংখ্যা 2 এবং উৎপাদের মোট মোল সংখ্যা 2। তাই চাপ প্রয়োগে সাম্যাবস্থার কোন পরিবর্তন হবে না। অর্থাৎ চাপের প্রভাব শূন্য।



এখানে, বিক্রিয়কের মোট মোল সংখ্যা 4 এবং উৎপাদের মোট মোল সংখ্যা 2। তাই চাপ প্রয়োগ করলে সাম্যাবস্থা বেশী মোল সংখ্যা থেকে কম মোল সংখ্যা অর্থাৎ বাম থেকে ডানে যাবে। উৎপাদের পরিমাণ বাড়বে। আর চাপ হ্রাস করলে উৎপাদের পরিমাণ কমবে।

সাধারণ নিয়ম: চাপ প্রয়োগ করলে প্রকৃতির নিয়মে (বেশি থেকে কমের দিকে) সাম্যাবস্থা বামে বা ডানে যাবে।

04. নিষ্ক্রিয় পদার্থ সংযোগ: মোল সংখ্যা ভিন্নতার কারণে নিষ্ক্রিয় গ্যাস সংযোগে সাম্যাবস্থার পরিবর্তন হয়।
- (i) স্থির চাপে নিষ্ক্রিয় গ্যাস সংযোগ:  $PCl_5$  এর বিয়োজনে যদি স্থির চাপে কিছু প্রশমন নাইট্রোজেন গ্যাস প্রবেশ করানো হয়, তবে মোট রাসায়নিক চাপ স্থির থাকলেও বিক্রিয়ক ও বিক্রিয়াজাত পদার্থগুলোর আংশিক-চাপ হ্রাস পায়। ফলে সাম্যাবস্থা প্রভাবিত হবে। এক্ষেত্রে যেদিকে মোল সংখ্যা বেশি সেদিকে সাম্যাবস্থা স্থানান্তরিত হবে।  $PCl_5(g) = PCl_3(g) + Cl_2(g)$ ; বিক্রিয়ার সাম্যাবস্থায় স্থির চাপে নাইট্রোজেন গ্যাস যোগ করলে বিক্রিয়ার সাম্যাবস্থা ডান দিকে স্থানান্তরিত হবে।
- (ii) স্থির আয়তনের নিষ্ক্রিয় গ্যাস সংযোগ: যদি আয়তন নির্দিষ্ট রেখে কিছুটা নাইট্রোজেন প্রবেশ করানো হয় তবে উপাদানগুলোর আংশিক চাপের পরিবর্তন হবে না। সুতরাং  $K_p$  অপরিবর্তিত থাকবে।

□ শিল্প কারখানায় সাম্যাবস্থা এবং সাম্যাবস্থার প্রয়োগ:


উৎপাদ	পদ্ধতি	বিক্রিয়া	তাপমাত্রা	চাপ	প্রভাবক
অ্যামোনিয়া	হেবার বস	$N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$	450-550°C	200 বায়ুচাপ	Fe/Mo
$H_2SO_4$	স্পর্শ প্রণালী	$SO_2 + O_2 \rightleftharpoons SO_3$ ; $SO_3 + H_2O \rightleftharpoons H_2SO_4$	400-500°C	1.7 বায়ুচাপ বা 172 kPa	$V_2O_5$ বা, Pt
নাইট্রিক এসিড	বার্কল্যান্ড আইড	$N_2 + O_2 \rightleftharpoons 2NO$	3000°C	-	-
মিথানল	বাণিজ্যিক	$CO + H_2 \rightleftharpoons CH_3OH$	300°-400°C	200-300 বায়ুচাপ	$ZnO + Cr_2O_3$
ইউরিয়া	রাসায়নিক	$CO + 2NH_3 \rightleftharpoons NH_2-CO-NH_2 + H_2O$	200-210°C	উচ্চচাপ	-

□ হেবার বস পদ্ধতিতে প্রভাবক সহায়ক বা প্রভাবক প্রমোটার: Fe এর সাথে  $MgO$ ,  $SiO_2$ ,  $Al_2O_3$  এর মিশ্রণ।




- সাম্য ধ্রুবকের উপর তাপমাত্রা ও চাপের প্রভাব : (ক) সাম্য ধ্রুবকের উপর তাপমাত্রার প্রভাব ব্যাখ্যায় জ্যাক্ট-হফ সমীকরণ :  $\log K_p = \frac{-\Delta H}{2.303R} \times \frac{1}{T} + \text{ধ্রুবক}$

তাপহারী বিক্রিয়ার ক্ষেত্রে  $\log K_p$  বনাম  $\frac{1}{T}$  এর লেখচিত্র



তাপোৎপাদী বিক্রিয়ার ক্ষেত্রে  $\log K_p$  বনাম  $\frac{1}{T}$  এর লেখচিত্র



- ☞ মনে রাখবে, তাপমাত্রা বৃদ্ধি করলে তাপহারী বিক্রিয়ার সাম্যধ্রুবক  $K_p$  এর মান বৃদ্ধি পায়। তাপমাত্রা বৃদ্ধি করলে তাপোৎপাদী বিক্রিয়ার সাম্যধ্রুবক  $K_p$  এর মান হ্রাস পায়।  
☞ সাম্য ধ্রুবকের উপর চাপের প্রভাব : সাম্য ধ্রুবকের উপর চাপের কোন প্রভাব নেই। সাম্য ধ্রুবক শুধু তাপমাত্রা দ্বারা প্রভাবিত হয়।

### SAQ Short Ans. Questions

## WRITTEN SUGGESTION

### BAQ Broad Ans. Questions

#### বিগত বছরের লিখিত প্রশ্ন

- প্রশ্ন-০১:  $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$ ;  $\Delta H = -92.38 \text{ kJ}$  বিক্রিয়াটির সাম্যাবস্থার উপর তাপ ও চাপের প্রভাব কি হবে? [DU. 2019-20]  
উত্তর : যেহেতু বিক্রিয়াটি তাপোৎপাদী তাই সাম্যাবস্থায় তাপমাত্রা বাড়ালে বিক্রিয়া পশ্চাদিকে গমন করবে এবং তাপমাত্রা হ্রাস করলে সাম্যাবস্থা সম্মুখদিকে গমন করবে। আবার, যেহেতু বিক্রিয়কের মোল সংখ্যা বেশি তাই সাম্যাবস্থায় চাপ বৃদ্ধি করা হলে বিক্রিয়া সম্মুখদিকে গমন করবে এবং চাপ হ্রাস করা হলে পশ্চাদমুখী হবে। [IU. 2019-20]

- প্রশ্ন-০২: স্পর্শ পদ্ধতিতে  $H_2SO_4$  উৎপাদনে কোন প্রভাবক ব্যবহৃত হয়?

উত্তর : স্পর্শ পদ্ধতিতে  $H_2SO_4$  উৎপাদন-  $SO_2 + 2O_2 \xrightarrow[400-500^\circ C]{Pt, V_2O_5} 2SO_3$ ;  $SO_3 + H_2O \rightleftharpoons H_2SO_4(aq)$

$SO_2$  এর সাথে  $O_2$  এর বিক্রিয়ায়  $SO_3$  উৎপন্ন হয় এবং এখানে প্রভাবক হিসেবে Pt বা  $V_2O_5$  (ড্যানাডিয়াম পেন্টা অক্সাইড) ব্যবহার করা হয়।

- প্রশ্ন-০৩: নিম্নলিখিত বিক্রিয়া গুলি কি ধরনের বিক্রিয়া? পারিপার্শ্বিক অবস্থার উপর বিক্রিয়াগুলির প্রতিক্রিয়া কি? [BUET 2014-15]

(i)  $C(\text{graphite}) + O_2(g) \rightarrow CO_2(g)$ ;  $\Delta H = -395 \text{ kJ}$

(ii)  $H_2(g) + I_2(g) \rightarrow 2HI(g)$ ;  $\Delta H = +52 \text{ kJ}$

- উত্তর : (i) সংযোজন/ দহন বিক্রিয়া।

বৈশিষ্ট্য: (a) চাপের প্রভাব নেই (b) তাপমাত্রা বাড়ালে বিক্রিয়ার পশ্চাৎ বেগ বৃদ্ধি পাবে, সাম্যাবস্থা বাম দিকে সরে যাবে (যেহেতু তাপোৎপাদী বিক্রিয়া)।

(ii)  $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$ ;  $\Delta H = +52 \text{ kJ}$ ; এটি সংযোজন বিক্রিয়া।

বৈশিষ্ট্য: (a) তাপহারী বিক্রিয়া (b) চাপের প্রভাব নেই (c) তাপমাত্রা বাড়ালে সাম্যাবস্থা ডান দিকে সরে যাবে।

#### শুরুশুরুর লিখিত প্রশ্ন

- প্রশ্ন-০১ : লা-শাতেলিয়ার নীতি কী?

[ব.বো. ২০১৬; রা.বো. ২০১৫]

- উত্তর : "সাম্যাবস্থায় বিদ্যমান কোন সিস্টেমের উপর যদি তাপমাত্রা, চাপ, ঘনমাত্রা, নিষ্ক্রিয় পদার্থ ইত্যাদি নিয়ামকের যে কোন একটির পরিবর্তন করা হয়, তবে সিস্টেমটির সাম্যাবস্থা এমন এক দিকে পরিবর্তিত হবে যাতে উক্ত নিয়ামকের পরিবর্তনের ফলাফল প্রশমিত হয়।"

### REAL TEST

### ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS

#### DU QUESTION

01.  $3Fe(s) + 4H_2O(g) \rightleftharpoons 4H_2(g) + Fe_3O_4(s)$ ;  $\Delta H = 35 \text{ kJ/mol}$  বিক্রিয়াটি সাম্যাবস্থায় আছে। চাপ বাড়লে কি ঘটবে? [DU-Ka.2016-17]

- A. Equilibrium constant increases B. Equilibrium shifts to left  
C. Equilibrium is unaltered D. Equilibrium shifts to right

**Ans C Analysis**  $Fe(s) + 4H_2O(g) = 4H_2(g) + Fe_3O_4(s)$ ;  $\Delta H = 35 \text{ kJ/mol}$ ; এই বিক্রিয়াটির জন্য Equilibrium is unaltered কারণ বিক্রিয়াটিতে সাম্যাবস্থায় গ্যাসীয় মোল সংখ্যার পরিবর্তন হয় না। তাই বিক্রিয়াটিতে চাপের কোন প্রভাব নেই। তরল ও কঠিন পদার্থ গণনায় আসবে না। তাই  $\Delta n = 4 - 4 = 0$  অর্থাৎ চাপ প্রয়োগে সাম্যাবস্থা অপরিবর্তিত থাকে।

02. তাপমাত্রা বৃদ্ধি করলে নিম্নে উল্লেখিত বিক্রিয়ায় অ্যামোনিয়ার উৎপাদন কিভাবে প্রভাবিত হবে?  $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$ ;  $\Delta H = -92 \text{ kJ/mol}$

[DU-Ka. 2014-15, JnU. 10-11]

- A. Increase B. Decrease  
C. Remain same D. None of these

**Ans B Analysis** তাপোৎপাদী বিক্রিয়ার ক্ষেত্রে তাপমাত্রা বৃদ্ধি করলে বিক্রিয়াটি পশ্চাৎ দিকে অগ্রসর হবে।  $NH_3$  উৎপাদনের বিক্রিয়াটি তাপোৎপাদী বিক্রিয়া হওয়ায় তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে  $NH_3$  এর উৎপাদন কমে যাবে।

03.  $2NH_3(g) \rightleftharpoons N_2(g) + 3H_2(g)$  বিক্রিয়াটি তাপোৎপাদী। বিক্রিয়াটি সম্পর্কে নিম্নের কোন উক্তিটি সঠিক নয়? [DU. 2009-10]

- A. Equilibrium constant decreases with temperature  
B. Catalyst increases the rate of the reaction  
C. Equilibrium constant increases with pressure  
D. Yield of  $NH_3$  increase with pressure

**Ans C Analysis** সাম্য ধ্রুবকের মানের উপর চাপের কোন প্রভাব নেই।

04.  $H_2 + Cl_2 \rightleftharpoons 2HCl + 44 \text{ kCal}$  সমীকরণটি বিবেচনা কর। নিচের কোন কাজটি এই বিক্রিয়ার সাম্যাবস্থাকে উৎপাদের দিকে সরিয়ে দেবে? [DU. 03-04; JU-A. 16-17]

- A.  $H_2$  যোগ করা হলে B.  $Cl_2$  সরিয়ে নিলে

- C. HCl যোগ করা হলে  
D. তাপমাত্রা বৃদ্ধি করা হলে

**Ans A Analysis** A. সঠিক কারণ বিক্রিয়ায়  $H_2$  যোগ করলে উৎপাদের পরিমাণ বাড়তে থাকে।

B.  $Cl_2$  সরিয়ে নিলে উৎপাদ বাড়বে না বরং কমেবে।

C. সঠিক নয় কারণ- HCl যোগ করলে বিক্রিয়া উল্টোদিকে সংঘটিত হবে।

D. এটি তাপোৎপাদী বিক্রিয়া কাজেই তাপ দিলে উৎপাদ কমে যাবে।







08. তাপ প্রয়োগে তাপোৎপাদী বিক্রিয়ার সাম্যাবস্থা কোন দিকে অগ্রসর হয়?

[JU-A<sub>1</sub>, 2017-18]

- A. সামনের দিকে B. পেছনের দিকে C. স্থির থাকে D. সাম্যাবস্থা বিঘ্নিত হয়

**Ans B Analysis** তাপোৎপাদী বিক্রিয়ায় তাপমাত্রা বৃদ্ধি করলে সাম্যাবস্থা বামে তথা পেছনের বা বিক্রিয়কের দিকে ফিরে আসে।

09. তাপোৎপাদী বিক্রিয়ায় ঠান্ডা করার ব্যবস্থা নিলে সাম্যাবস্থা কোন দিকে অগ্রসর হয়?

[JU-A<sub>2</sub>, 2017-18]

- A. সামনের দিকে B. পেছনের দিকে C. স্থির থাকে D. সাম্যাবস্থা বিঘ্নিত হবে

**Ans A Analysis** তাপোৎপাদী বিক্রিয়া ঠান্ডা করলে তথা তাপমাত্রা হ্রাস করলে বিক্রিয়া সামনের দিকে অগ্রসর হয়। ফলে সাম্যাবস্থা ডানে সরে যায়।

10.  $2SO_2(g) + O_2(g) \rightleftharpoons 2SO_3(g)$ ;  $\Delta H = -196 \text{ kJ mol}^{-1}$  বিক্রিয়ায় তাপ প্রয়োগ করলে উৎপাদের পরিমাণ-

[JU-A<sub>1</sub>, 2017-18]

- A. হ্রাস পায় B. বৃদ্ধি পায়  
C. কোন পরিবর্তন হবে না D. শূন্য হবে

**Ans A Analysis** তাপোৎপাদী বিক্রিয়ায় তাপমাত্রা বৃদ্ধি করলে উৎপাদ হ্রাস পায়।

11. নিম্নোক্ত বিক্রিয়ায় তাপমাত্রার প্রভাব কি হবে?

[JU, 2012-2013]




- A. তাপমাত্রা বাড়ালে বিক্রিয়া পশ্চাত্মুখী হবে  
B. তাপমাত্রা বাড়ালে  $SO_3$  উৎপাদন বৃদ্ধি পাবে  
C. তাপমাত্রা কমালে বিক্রিয়া পশ্চাত্মুখী হবে  
D. তাপমাত্রা কমালে  $SO_3$  বিয়োজিত হবে

**Ans A**

12. নিম্নোক্ত বিক্রিয়ায় চাপের প্রভাব কি হবে?

[JU, 2012-2013]



- A. চাপের কোন প্রভাব নেই  
B. চাপ বাড়ালে বিক্রিয়া সামনের দিকে অগ্রসর হবে  
C. চাপ বাড়ালে বিক্রিয়া পশ্চাত্মুখী হবে  
D. চাপ কমালে বিক্রিয়া পশ্চাত্মুখী হবে

**Ans A**

13. তাপ উৎপাদী বিক্রিয়ায় তাপমাত্রা বৃদ্ধি করলে উৎপাদের মাত্রা - [JU, 2010-2011]

- A. হ্রাস পায় B. বৃদ্ধি পায়  
C. একই থাকে D. কোনটিই নয়

**Ans A**

14.  $2SO_2(g) + O_2(g) \rightleftharpoons 2SO_3(g)$ , এই বিক্রিয়ায় অনুকূল পরিবেশে চাপ হচ্ছে-

[JU, 2009-10]

- A. 0.7 atm B. 1.7 atm C. 2.7 atm D. 3.7 atm

**Ans B**

### RU QUESTION

01. নির্দিষ্ট তাপমাত্রায় নিচের কোন সাম্য বিক্রিয়ায় চাপের প্রভাব নেই?

[RU-C, Jupiter-1, Set-1, 2021-22]

- A.  $2PbS(s) + 3O_2(g) \rightleftharpoons 2PbO(s) + 3SO_2(g)$   
B.  $PCl_5(g) \rightleftharpoons PCl_3(g) + Cl_2(g)$   
C.  $H_2(g) + CO_2(g) \rightleftharpoons H_2O(g) + CO(g)$   
D.  $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$

**Ans C Analysis** আমরা জানি,

$\Delta n = \text{গ্যাসীয় উৎপাদের মোল সংখ্যা} - \text{গ্যাসীয় বিক্রিয়কের মোল সংখ্যা}$



$\Delta n = 0$  হলে বিক্রিয়ায় চাপের কোনো প্রভাব থাকে না।

02. যদি  $A(g) + B(g) \rightleftharpoons 2C(g)$  বিক্রিয়াটি তাপোৎপাদী হয় তবে নিম্নের কোনটিতে উৎপাদ বৃদ্ধি পাবে?

[RU-C, Jupiter-1, Set-1, 2021-22]

- A. প্রভাবক যোগ করলে B. চাপ বাড়ালে  
C. তাপ বৃদ্ধি করলে D. তাপমাত্রা কমালে

**Ans D Analysis** লা-শাতেলিয়ার নীতি অনুসারে কোনো তাপউৎপাদী বিক্রিয়ায় তাপমাত্রা কমালে উৎপাদ বৃদ্ধি পাবে এবং তাপমাত্রা বাড়ালে উৎপাদ হ্রাস পাবে।

03. নিচের কোনটি বিক্রিয়ায় নিম্নচাপে উৎপাদ বেশি হবে?

[RU-C, Neptune-2, Set-1, 2021-22, BSMRSTU-A, 19-20]

- A.  $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$  B.  $PCl_5(g) \rightleftharpoons PCl_3(g) + Cl_2(g)$   
C.  $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$  D.  $N_2(g) + O_2(g) \rightleftharpoons 2NO(g)$

**Ans B Analysis**  $PCl_5(g) \rightleftharpoons PCl_3(g) + Cl_2(g)$  বিক্রিয়ায় নিম্নচাপে উৎপাদ বেশি হবে। কারণ বিক্রিয়কের মোল সংখ্যা এক এবং উৎপাদের মোল সংখ্যা দুই। লা-শাতেলিয়ার নীতি অনুসারে তাই চাপ কমালে উৎপাদ বাড়বে।

04. নিচের কোন বিক্রিয়ায় উচ্চ চাপে উৎপাদ কমে যাবে?

[RU-C, Uranus-1, Set-1, 2021-22]


- A.  $2N_2O_3(g) \rightleftharpoons 4NO_2(g) + O_2(g)$   
B.  $CH_3COOCH_3(l) + H_2O(l) \xrightarrow{H^+} CH_3COOH(l) + CH_3OH(l)$   
C.  $2SO_2(g) + O_2(g) \xrightarrow{\Delta} 2SO_3(g)$   
D.  $CH_4(g) + 2O_2(g) \rightleftharpoons CO_2(g) + 2H_2O(g)$

**Ans A Analysis** লা-শাতেলিয়ার নীতি অনুসারে, কোনো বিক্রিয়ায় বিক্রিয়কের মোল সংখ্যার চেয়ে উৎপাদের মোল সংখ্যা যদি বেশি তাহলে চাপ বাড়বে। যদি চাপ বাড়ানো হয় তাহলে বিক্রিয়া পশ্চাত্মুখী হবে অর্থাৎ উৎপাদ কমবে। উল্লিখিত বিক্রিয়ার (B) নং এ চাপের কোনো প্রভাব নেই। কারণ এদের বিক্রিয়ক ও উৎপাদের মোল সংখ্যা সমান। (C) নং বিক্রিয়ার চাপ বাড়লে উৎপাদ বাড়বে এবং (D) নং বিক্রিয়ায় ও চাপের কোনো প্রভাব নেই। কিন্তু (A) নং বিক্রিয়ায় দেখা যাচ্ছে যে উৎপাদের মোল সংখ্যা বেশি অর্থাৎ বিক্রিয়ার আপনা হতে চাপ বাড়বে। এক্ষেত্রে লা-শাতেলিয়ার নীতি অনুযায়ী চাপ বাড়লে উৎপাদ কমবে।

05.  $X_2(g) + Y_2(g) \rightleftharpoons 2XY(g)$  উভমুখী গ্যাসীয় বিক্রিয়াটিতে চাপের প্রভাব কী রূপ হবে?

[RU, Astrazeneca, Set-1, 2020-21]

- A. চাপ বাড়লে উৎপাদ বাড়বে  
B. চাপ কমালে উৎপাদ বাড়বে  
C. চাপের প্রভাব নেই  
D. চাপের পরিবর্তনে সাম্য ধ্রুবকের মান পরিবর্তিত হবে



এখানে উৎপাদ (মোল সংখ্যা 2) এবং বিক্রিয়কের (মোল সংখ্যা 1 + 1) একই এবং উভয়ই গ্যাসীয়। সুতরাং, এখানে, চাপের কোন প্রভাব নেই।

06.  $N_2O_4(g)$  বিয়োজিত হয়ে  $NO_2(g)$  তৈরী হয়। এই সিস্টেমে চাপ বৃদ্ধি করলে কোনটি ঘটবে?

[RU-H<sub>2</sub>, 2017-18]

- A. বিয়োজন হার হ্রাস পাবে B. বিয়োজন হার বৃদ্ধি পাবে  
C. তাপোৎপাদী হবে D. তাপ পোষণ করবে

**Ans A Analysis**  $N_2O_4(g) \rightleftharpoons 2NO_2(g)$  লা-শাতেলিয়ারের নীতি অনুযায়ী চাপ বৃদ্ধি করলে যে দিকে মোল সংখ্যা কম বিক্রিয়া সেই দিকে সংঘটিত হয়।

07.  $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$  সাম্য বিক্রিয়ায় সাম্যাবস্থায় চাপ প্রয়োগ করলে-

[RU-H<sub>1</sub>, 2017-18, 09-10]

- A. বিক্রিয়ার বন্ধ হয়ে যাবে  
B. বিক্রিয়া পশ্চাত্মুখী হবে  
C. বিক্রিয়া সামনের দিকে অগ্রসর হবে  
D. বর্ধিত চাপ বিক্রিয়াকে প্রভাবিত করবে না

**Ans C Analysis** লা-শাতেলিয়ার নীতি অনুযায়ী, যে দিকে গ্যাসীয় মোল সংখ্যা কম চাপ বৃদ্ধি করলে বিক্রিয়া সেই দিকে অগ্রসর হবে।

### CU QUESTION

01. চাপ বাড়ালে নিচের কোন বিক্রিয়াটি পশ্চাত্মুখী হবে? [CU-F<sub>1</sub>, 2016-17, IU-10-11]

- A.  $N_2O_4(g) \rightleftharpoons 2NO_2(g)$  B.  $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$   
C.  $2SO_2(g) + O_2 \rightleftharpoons 2SO_3(g)$  D.  $2HI(g) \rightleftharpoons H_2(g) + I_2(g)$   
E. সবগুলো

**Ans A Analysis** একটি গ্যাসীয় উভমুখী বিক্রিয়ায় চাপ বাড়লে উচ্চ বিক্রিয়ার বিক্রিয়ক ও উৎপাদের মধ্যে যার মোল সংখ্যা বেশী আগে চাপ তার উপর প্রযুক্ত হবে এবং উচ্চ বিক্রিয়ার অপর অংশ উৎপন্ন হবে। অর্থাৎ চাপ বাড়লে যদি বিক্রিয়কের মোল সংখ্যা বেশী হয় তবে বিক্রিয়াটি সম্মুখগামী এবং উৎপাদের মোল সংখ্যা বেশী হলে বিক্রিয়াটি পশ্চাত্মুখী হবে।



02. নিচের কোন বিক্রিয়ায় চাপ বাড়ালে উৎপাদের পরিমাণ বাড়বে? [CU. 2014-15]

- A.  $2HI(g) = H_2(g) + I_2(g)$  B.  $N_2O_4(g) = 2NO_2(g)$   
 C.  $N_2(g) + 3H_2(g) = 2NH_3(g)$  D.  $COCl_2(g) = CO(g) + Cl_2(g)$   
 E.  $PCl_5(g) = PCl_3(g) + Cl_2(g)$

**Ans C Analysis** অ্যামোনিয়া উৎপাদনের ক্ষেত্রে বিক্রিয়কের মোল সংখ্যা উৎপাদের মোল সংখ্যা অপেক্ষা বেশী। যার কারণে লা-শাতেলিয়ারের নীতি অনুযায়ী চাপ বাড়ালে উৎপাদের পরিমাণ বাড়বে।

**DU AFFILIATED COLLEGE QUESTION**

01.  $N_2 + 3H_2 = 2NH_3 + \text{heat}$  বিক্রিয়াটি ডানদিকে অগ্রসর হবে যদি- [DU-Tech. 2021-22]

- A. তাপমাত্রা কমানো হয় B. চাপ বাড়ানো হয়  
 C.  $NH_3$  সরানো হয় D. সবগুলি

**Ans D Analysis**  $N_2 + 3H_2 = 2NH_3 + \text{heat}$  লা-শাতেলিয়ার নীতি অনুযায়ী:

- তাপোৎপাদী বিক্রিয়ায় তাপ কমালে বিক্রিয়া ডানদিকে যাবে।
- এখানে আপনা হতেই চাপ কমে, তাই চাপ বাড়ালে বিক্রিয়া ডানদিকে যাবে।
- $NH_3$  সরানো হলেও বিক্রিয়া ডান দিকে যাবে। কারণ এতে ঘনমাত্রার পরিবর্তন হয়।

02. তাপহারী বিক্রিয়ার সাম্যাবস্থায় তাপ প্রয়োগে কোনটি ঘটে? [DU-7 Clg. 19-20]

- A. সামনের দিকে অগ্রসর হয় B. পিছনের দিকে অগ্রসর হয়  
 C. স্থির থাকে D. সাম্যাবস্থা বিলুপ্ত হয় **Ans A**

**BUP QUESTION**

01. আয়তন সম্প্রসারণ বিক্রিয়ায় চাপ প্রয়োগ সাম্যাবস্থা কোন দিকে যাবে? [BUP (FST). 2021-22]

- A. ডানে B. বামে C. অপরিবর্তনীয় D. None

**Ans B Analysis** আয়তন সম্প্রসারণ = উৎপাদনের মোল সংখ্যা বেশি। এক্ষেত্রে চাপ প্রয়োগ লা-শাতেলিয়ার নীতি অনুসারে সাম্যাবস্থা বামে অগ্রসর হয়। অর্থাৎ বিক্রিয়া পশ্চাতে গতিশীল হয়।

**GST QUESTION (GENERAL)**

01.  $N_2(g) + 3H_2(g) = 2NH_3(g)$ ,  $\Delta H = -92.4 \text{ KJ/mol}$  বিক্রিয়ায়  $NH_3$  এ উৎপাদন কমাতে কোনটি? [GST, Set-2. 2021-22]

- A. চাপের বৃদ্ধি B. তাপমাত্রার বৃদ্ধি  
 C.  $N_2$  যোগ করলে D.  $H_2$  যোগ করলে

**Ans B Analysis** তাপমাত্রা পরিবর্তনের সাথে সাম্যবস্থার পরিবর্তন:

বিক্রিয়া	$\Delta H$	তাপমাত্রার পরিবর্তন	সাম্যবস্থার পরিবর্তন	বিক্রিয়ক	উৎপাদ
তাপোৎপাদী	ঋণাত্মক	হ্রাস পেলে	বৃদ্ধি পাবে	হ্রাস পাবে	বৃদ্ধি পাবে
		বৃদ্ধি পেলে	হ্রাস পাবে	বৃদ্ধি পাবে	হ্রাস পাবে
তাপহারী	ধনাত্মক	বৃদ্ধি পেলে	বৃদ্ধি পাবে	হ্রাস পাবে	বৃদ্ধি পাবে
		হ্রাস পেলে	হ্রাস পাবে	বৃদ্ধি পাবে	হ্রাস পাবে

02.  $CH_4(g) + 2O_2(g) = CO_2(g) + 2H_2O(l)$  বিক্রিয়ায় চাপ প্রয়োগে সাম্যাবস্থা- [IU-A.2017-18]

- A. বাম দিকে B. ডান দিকে  
 C. অপরিবর্তিত থাকবে D. কোনটিই নয়

**Ans B Analysis** লা শাতেলিয়ার নীতি অনুসারে, যে দিকে গ্যাসীয় মোল সংখ্যা কম চাপ প্রয়োগে সাম্যাবস্থা সে দিকে অগ্রসর হয়।

03. তাপহারী বিক্রিয়ায় তাপমাত্রা বৃদ্ধিতে  $K_p$  এর মানের কিরূপ পরিবর্তন হবে? [KU-জি:অ: 2016-17]

- A. অর্ধেক হবে B. বৃদ্ধি পাবে  
 C. অপরিবর্তনীয় থাকবে D. এক তৃতীয়াংশ হবে

**Ans B Analysis** ভ্যান্টহফ সমীকরণ থেকে আমরা জানি তাপোৎপাদী বিক্রিয়ায় তাপ প্রয়োগ করলে  $K_p$  কমে যায়। তাপহারী বিক্রিয়ায় তাপ প্রয়োগ করলে  $K_p$  বেড়ে যায়।

04.  $CH_4(g) + 2O_2(g) = CO_2(g) + 2H_2O(l)$ ; এই বিক্রিয়ায় চাপ বাড়ালে উৎপাদের পরিমাণ- [IU-D. 2016-17]

- A. বাড়বে B. কমে  
 C. অপরিবর্তিত থাকে D. কোনটিই নয়

**Ans A Analysis** যেহেতু এখানে গ্যাসীয় বিক্রিয়কের মোল সংখ্যা বেশি তাই চাপ প্রয়োগ করলে বিক্রিয়া বাম থেকে ডানে যাবে।

05.  $PCl_5 = PCl_3 + Cl_2$  বিক্রিয়ায়  $Cl_2$  গ্যাস সংযোগ হলে- [IU. 2015-16]

- A.  $PCl_5$  এর বিয়োজন বৃদ্ধি পায় B. কোন প্রভাব পড়ে না  
 C.  $PCl_5$  এর বিয়োজন হ্রাস পায় D. কোনটিই নয়

**Ans C Analysis** ঘনমাত্রা যে দিকে বাড়ানো হয় বিক্রিয়া তার বিপরীত দিকে যায়।

06. হেবার-বস পদ্ধতিতে অ্যামোনিয়া গ্যাস উৎপাদনের ক্ষেত্রে কোনটি সঠিক? [JnU. 2011-2012]

- A. উচ্চ তাপমাত্রা অধিক উৎপাদনের অনুকূল  
 B. উচ্চ চাপ অধিক উৎপাদনের অনুকূল  
 C. কোন প্রভাবকের প্রয়োজন নাই  
 D. অতিরিক্ত বায়ু সরবরাহের প্রয়োজন নাই

**Ans B Analysis**  $N_2 + 3H_2 = 2NH_3$ ;  $\Delta H = -92 \text{ kJ/mol}$

- বিক্রিয়াটি উভমুখী।
- বিক্রিয়াটি তাপোৎপাদী। তাপমাত্রা বৃদ্ধিতে উৎপাদন হ্রাস পায়। কিন্তু কম তাপে ও উৎপাদন লাভজনক হয় না। এজন্য অত্যনুকূল তাপমাত্রা  $450^\circ\text{C}$  -  $550^\circ\text{C}$  রাখা হয়।
- প্রভাবক লৌহচূর্ণ।
- প্রভাবক সহায়ক Mo বা  $Al_2O_3$
- চাপের প্রভাব: বিক্রিয়ায় আয়তনের হ্রাস ঘটে বলে চাপ বৃদ্ধিতে উৎপাদনে বাড়ে। এজন্য 200 বায়ুমণ্ডলীয় চাপ ব্যবহৃত হয়। অর্থাৎ উচ্চচাপ ও নিম্ন তাপমাত্রায় সর্বাপেক্ষা বেশী অ্যামোনিয়া উৎপাদন করা যায়।

07. স্পর্শ প্রণালীতে সালফিউরিক এসিড উৎপাদনের ক্ষেত্রে, কোনটি সঠিক? [JnU. 2010-2011]

- A. উচ্চ তাপমাত্রা অধিক উৎপাদনের অনুকূল  
 B. কোন প্রভাবকের প্রয়োজন নাই C. অতিরিক্ত চাপের প্রয়োজন নাই  
 D. অতিরিক্ত বায়ু সরবরাহের প্রয়োজন নাই

**Ans C Analysis** স্পর্শ বা সংযোগ প্রণালীতে সালফিউরিক এসিড উৎপাদনের উপকরণসমূহ:

- ◆ সালফার বা আয়রন পাইরাইটস।
- ◆ বিতক অক্সিজেন।
- ◆ প্রাটিনাম চূর্ণযুক্ত অ্যাসবেস্টস বা ভ্যানাডিয়াম পেন্টাঅক্সাইড প্রভাবক ( $V_2O_5$ )
- ◆ 98% সালফিউরিক এসিড।
- ◆ অতি উচ্চ ও নয়, অতি নিম্ন ও নয় এমন অত্যনুকূল তাপমাত্রা ( $450^\circ\text{C}$ )।
- ◆ চাপের প্রয়োজন (6.5atm)।

08.  $N_2(g) + 3H_2(g) = 2NH_3(g) + 46 \text{ kJmol}^{-1}$  বিক্রিয়াটি প্রভাবকের উপস্থিতিতে নিম্নের কোন অবস্থায় অ্যামোনিয়ার সুবিধাজনক উৎপাদন নিশ্চিত করবে? [JnU. 2008-2009, IU. 08-09]

- A. অধিক তাপমাত্রা ও অধিক চাপ B. কম তাপমাত্রা ও কম চাপ  
 C. কম তাপমাত্রা ও অধিক চাপ D. অধিক তাপমাত্রা ও কম চাপ **Ans C**

**GST QUESTION (SCIENCE & TEC.)**

01.  $PCl_5(g) = PCl_3(g) + Cl_2(g)$ ;  $\Delta H = +90 \text{ kJmol}^{-1}$ ; এই বিক্রিয়াটির তাপ কমালে ও চাপ বাড়ালে সাম্যাবস্থার কী পরিবর্তন হবে? [SUST-B. 2019-20]

- A.  $Cl_2$  এর উৎপাদন বৃদ্ধি পাবে B. পশ্চাৎমুখী অগ্রসর হবে  
 C. অপরিবর্তিত থাকবে D. সম্মুখে অগ্রসর হবে  
 E. অনুঘটক নির্ধারণ করবে

**Ans B Analysis** তাপহারী বিক্রিয়ার ক্ষেত্রে তাপ কমালে, বিক্রিয়া পশ্চাৎমুখী হবে এবং উক্ত বিক্রিয়ার ক্ষেত্রে চাপ বাড়ালে বিক্রিয়া পশ্চাৎমুখী হবে।







07.  $2A_2(g) + B_2(g) \rightleftharpoons 2A_2B(g); \Delta H = (+)ve$  এই বিক্রিয়ার ক্ষেত্রে প্রযোজ্য  
এটি —  
i.  $K_p$  এর একক  $atm^{-1}$  ii. তাপমাত্রা বাড়লে উৎসাহক কাজে  
iii. হার ক্রমক নির্দিষ্ট  
নিচের কোনটি সঠিক?  
A. i ও ii B. ii ও iii C. i ও iii D. i ও iii [Ans: B]

08.  $2SO_2(g) + O_2(g) \rightleftharpoons 2SO_3(g) + 44.8 \text{ kcal}$  বিক্রিয়াটিতে তাপমাত্রা  
বৃদ্ধি করলে —  
i.  $SO_3$  এর পরিমাণ হ্রাস পায় ii.  $K_c$  এর মান হ্রাস পায়  
iii. বিক্রিয়া শক্তিশালী হয়  
নিচের কোনটি সঠিক?  
A. i ও ii B. ii ও iii C. i ও iii D. i ও iii [Ans: B]


09.  $A_2(g) + B_2(g) \rightleftharpoons 2AB(g); \Delta H = +ve$  উদ্বীর্ণক অনুসারে —  
i. বিক্রিয়াটি তাপগ্রহণী ii. সাম্যস্থলক  $K_p$  ও  $K_c$  এর মান সমান  
iii. সাম্যাবস্থার উপর চাপের প্রভাব নেই  
নিচের কোনটি সঠিক?  
A. i ও ii B. i ও iii C. ii ও iii D. i ও iii [Ans: D]

10. সাম্য বিক্রিয়াটিতে —  
i.  $K_p$  একক  $atm^{-1}$  ii.  $K_c = K_p RT$   
iii. তাপমাত্রা পরিবর্তনে  $K_p$  এর মান পরিবর্তিত হয়  
নিচের কোনটি সঠিক?  
A. i ও ii B. ii ও iii C. i ও iii D. i ও iii [Ans: D]

11. সাম্য বিক্রিয়াটিতে  $AB_3(g)$  এর উৎসাহন বৃদ্ধি পাবে —  
i. তাপমাত্রা বৃদ্ধি করলে ii. চাপ বৃদ্ধি করলে  
iii. বিক্রিয়ার পাত্র থেকে  $AB_3(g)$  বায়ু অপসারণ করলে  
নিচের কোনটি সঠিক?  
A. i ও ii B. ii ও iii  
C. i ও iii D. i ও iii [Ans: D]

12.  $A(g) + B(g) \rightleftharpoons AB(g); \Delta H = +ve$  বিক্রিয়াটিতে প্রত্যেক ব্যবহার  
করলে —  
A. হার পরিবর্তিত হবে B. সাম্যস্থলক পরিবর্তিত হবে  
C. বিক্রিয়া বেগে হবে D. সাম্যাবস্থা পরিবর্তিত হবে [Ans: A]

13. উদ্বীর্ণক স্ফটিকায়িত সেন্দ্রোনে রয়েছে —  
i. তাপগ্রহণী বিক্রিয়া ii. বিক্রিয়া তাপ,  $\Delta H = E_2 - E_1$   
iii. সক্রিয় শক্তি,  $E_2 - E_1 - E_3$   
নিচের কোনটি সঠিক?  
A. i ও ii B. i ও iii  
C. ii ও iii D. i ও iii [Ans: D]



14. বিক্রিয়কের ঘনমাত্রা বৃদ্ধি করলে সাম্যাবস্থার অবস্থান কোন দিকে স্থানান্তরিত হয়?  
A. ডানে B. বামে  
C. ছিন্ন থাকে D. সম্পর্ক নেই [Ans: A]

CONCEPT



গাণিতিক প্রয়োগ-০২

ITEM-01  $K_p$  ও  $K_c$  সংক্রান্ত সমস্যা

তলতলপূর্ণ কিছু বিক্রিয়ার  $K_p$  ও  $K_c$  এর মান:

সমীকরণ	$K_p$ ও $K_c$ সংক্রান্ত সমস্যা (% থাকলে)		$K_p$ ও $K_c$ সংক্রান্ত সমস্যা (% না থাকলে)	
	$K_p$	$K_c$	$K_p$	$K_c$
$PCl_5 = PCl_3 + Cl_2$	$\frac{a^2}{1-a^2}P$	$\frac{a^2}{(1-a)V}$	$\frac{P_{PCl_3} P_{Cl_2}}{P_{PCl_5}}$	$\frac{[PCl_3][Cl_2]}{[PCl_5]}$
$N_2O_4 = 2NO_2$	$\frac{4a^2}{1-a^2}P$	$\frac{4a^2}{(1-a)V}$	$\frac{P_{NO_2}^2}{P_{N_2O_4}}$	$\frac{[NO_2]^2}{[N_2O_4]}$
$2N_2O_5 = 4NO_2 + O_2$	$\frac{64a^5p^3}{(2a+3a)^3(a-a)^2}$	$\frac{64a^5}{V^3(a-a)^2}$	$\frac{P_{NO_2}^4 \times P_{O_2}}{P_{N_2O_5}^2}$	$\frac{[NO_2]^4 \times [O_2]}{[N_2O_5]^2}$
$N_2 + 3H_2 = 2NH_3$	$\frac{4x^2(a+3b-2x)^2}{27(a-x)(b-3x) \times p^2}$	$\frac{4x^2V^2}{27(a-x)(b-x)^3}$	$\frac{P_{NH_3}^2}{P_{N_2} \times P_{H_2}^3}$	$\frac{[NH_3]^2}{[N_2] \times [H_2]^3}$
$2SO_2 + O_2 = 2SO_3$	$\frac{a^2(3-a)}{(1-a)^3 \times p}$	$\frac{a^2V}{(1-a)^3}$	$\frac{P_{SO_3}^2}{P_{SO_2}^2 \times P_{O_2}}$	$\frac{[SO_3]^2}{[SO_2]^2 \times [O_2]}$
$CH_3-COOH(l) + C_2H_5OH(l) = CH_3-COO-C_2H_5(l) + H_2O(l)$	$K_c = \frac{x^2}{(a-x)(b-x)}$ [ভরল অবস্থার ক্ষেত্রে $K_p$ প্রযোজ্য নয়]			$K_c = \frac{[CH_3-COO-C_2H_5] \times [H_2O]}{[CH_3-COOH] \times [C_2H_5OH]}$
$2HI = H_2 + I_2$	$K_p = K_c = \frac{a^2}{4(1-a)^2}$		$\frac{P_{H_2} P_{I_2}}{P_{HI}^2}$	$\frac{[H_2][I_2]}{[HI]^2}$
$H_2 + I_2 = 2HI$	$K_p = K_c = \frac{4a^2}{(a-a)(b-a)}$		$\frac{P_{HI}^2}{P_{H_2} P_{I_2}}$	$\frac{[HI]^2}{[H_2][I_2]}$



—। স্মারকে বলে জানতে হবে।—

➤ বিক্রিয়ার ব্যক্তি বিচার/ বিক্রিয়ার নিক লক্ষ্যে ধারণা/ সাম্যাবস্থায় বিক্রিয়ক ও উৎপাদের মোল সংখ্যা:

বিক্রিয়ার ব্যক্তি বিচার	<ul style="list-style-type: none"> <li>• <math>K_c = 10^{-1} - 10^1</math> এর মধ্যে থাকলে সাম্য মিশ্রণে বিক্রিয়ক ও উৎপাদ গুণগতভাবে পরিমাপে থাকে।</li> <li>• যদি <math>K_c &gt; 10^1</math>; তখন সাম্যমিশ্রণে বিক্রিয়কের চেয়ে উৎপাদ বেশি হয়।</li> <li>• যদি <math>K_c &lt; 10^{-1}</math>; তখন সাম্য মিশ্রণে উৎপাদের চেয়ে বিক্রিয়ক বেশি থাকে।</li> </ul>
বিক্রিয়ার নিক লক্ষ্যে ধারণা	<ul style="list-style-type: none"> <li>• যদি <math>Q_c &lt; K_c</math> হয়; তখন বিক্রিয়াটি সাম্যাবস্থাকে অগ্রসর হবে, উৎপাদ বাড়তে থাকবে।</li> <li>• যদি <math>Q_c &gt; K_c</math> হয়; তখন বিক্রিয়াটি সাম্যাবস্থায় আসার জন্য পশ্চাৎমুখী হবে; উৎপাদের বিয়োজন ঘটবে।</li> <li>• যদি <math>Q_c = K_c</math> হয়; বিক্রিয়াটি সাম্যাবস্থায় পৌঁছে গেছে।</li> </ul>
সাম্যাবস্থায় বিক্রিয়ক ও উৎপাদের মোল সংখ্যা	<ul style="list-style-type: none"> <li>• যদি <math>K_c = 1</math>; সাম্যাবস্থায় উৎপাদ ও বিক্রিয়কের মোল সংখ্যা সমান।</li> <li>• যদি <math>K_c &gt; 1</math>; সাম্যাবস্থায় উৎপাদের মোল সংখ্যা বিক্রিয়কের মোল সংখ্যা অপেক্ষা অধিক।</li> <li>• যদি <math>K_c &lt; 1</math>; সাম্যাবস্থায় উৎপাদের মোল সংখ্যা বিক্রিয়কের মোল সংখ্যা অপেক্ষা কম।</li> </ul>

গাণিতিক সমস্যার মানসিক সমাধান

**Model EXAMPLE** 30°C তাপমাত্রায় 1.5 atm চাপে 15.6%  $PCl_5$  বিয়োজিত হয়। উক্ত তাপমাত্রায়  $K_p$  এর মান নির্ণয় কর। [JnU 15-16; JU-D 14-15; DU 12-13]

**Solve**  $K_p = \frac{\alpha^2 P}{1 - \alpha^2}$

$\alpha = 15.6\% = 0.156$   
 $P = 1.5 \text{ atm}$


$K_p = \frac{(0.156)^2 \times 1.5}{1 - (0.156)^2} = 3.7 \times 10^{-2} \text{ atm}$

**Model EXAMPLE** 25°C তাপমাত্রায় 5.0 atm চাপে  $N_2O_4$  এর 18.5% বিয়োজিত হয়। উক্ত তাপমাত্রায়  $K_p$  এর মান কত?

**Solve**  $K_p = \frac{4\alpha^2}{1 - \alpha^2} \times P = \frac{4 \times (0.185)^2}{1 - (0.185)^2} \times 5.0 = 0.708 \text{ atm}$

$\alpha = 18.5\% = 0.185$   
 $P = 5.0 \text{ atm}$

**Model EXAMPLE** 50°C উষ্ণতায়  $N_2O_4$  বিয়োজনের  $K_p$  এর মান 3.11 atm। সাম্যমিশ্রণে  $NO_2$  এর আংশিক চাপ 0.45 atm হলে  $N_2O_4$  এর আংশিক চাপ কত?



$K_p = \frac{P_{NO_2}^2}{P_{N_2O_4}} \therefore P_{N_2O_4} = \frac{P_{NO_2}^2}{K_p} = \frac{(0.45)^2}{3.11} = 0.065 \text{ atm}$


এখানে,  $K_p = 3.11 \text{ atm}$

$NO_2$  এর আংশিক চাপ,

$P_{NO_2} = 0.45 \text{ atm}$

$N_2O_4$  এর আংশিক চাপ,  $P_{N_2O_4} = ?$

**Model EXAMPLE** 333°C তাপমাত্রায় HI 35% বিয়োজিত হয়  $K_p$  ও  $K_c$  নির্ণয় কর।




$K_p = \frac{\alpha^2}{4(1 - \alpha)^2} = \frac{(0.35)^2}{4(1 - 0.35)^2} = 0.0725$

এখানে,  $\alpha = 35\% = 0.35$

এখানে বিক্রিয়ক ও উৎপাদের মোল সংখ্যা সমান। তাই  $K_p = K_c = 0.0725$

**Model EXAMPLE** 500°C তাপমাত্রায় 5 লিটার গ্যাসবাধে সাম্যাবস্থায় 3 mol  $N_2$ , 2.1 mol  $H_2$  and 0.298 mol  $NH_3$  আছে। নিম্নের বিক্রিয়ানুযায়ী  $K_c$  এর মান ব্যক্তি কর। [JU 10-11, 09-10]



**Solve**  $K_c = \frac{[NH_3]^2}{[N_2][H_2]^3} = \frac{(0.298/5)^2}{(3/5) \times (2/5)^3} \text{ mol}^{-2} \text{ L}^2 = 9 \times 10^{-2} \text{ mol}^{-2} \text{ L}^2 \text{ (Ans)}$

**Model EXAMPLE**  $2SO_2 + O_2 \rightleftharpoons 2SO_3$  বিক্রিয়াটিতে সাম্যাবস্থায় 0.27 mol/L  $SO_2$ , 0.4 mol/L  $O_2$  এবং 0.33 mol/L  $SO_3$  পাওয়া গেল। বিক্রিয়াটির সাম্যক্রমিক কত?

**Solve**  $K_c = \frac{[SO_3]^2}{[SO_2]^2 [O_2]} = \frac{(0.33)^2}{(0.27)^2 \times 0.4} = 3.7 \text{ L/mol (Ans)}$

**Model EXAMPLE**  $H_2 + I_2 \rightleftharpoons 2HI$  বিক্রিয়ার সাম্যাবস্থায়  $H_2$ ,  $I_2$  এবং HI এর ঘনমাত্রা যথাক্রমে 8.0, 3.0 এবং 28.0 mol/dm<sup>3</sup>। বিক্রিয়াটির সাম্যক্রমিক গণনা কর।

**Solve** এখানে, বিক্রিয়াটি:  $H_2 + I_2 \rightleftharpoons 2HI \Rightarrow K_c = \frac{[HI]^2}{[H_2][I_2]} = \frac{(28)^2}{(8 \times 3)} = 32.667$

SAQ

Short Ans. Questions

WRITTEN SUGGESTION

BAQ

Broad Ans. Questions



বিগত বছরের লিখিত প্রশ্ন



প্রশ্ন-০১:  $2A \rightleftharpoons Y + 2Z$  সমীকরণ অনুযায়ী একটি বিক্রিয়া সংগঠিত হয়। 5.0 dm<sup>3</sup> আয়তনের একটি পাত্রে 4 mol বিস্ক A নিয়ে বিক্রিয়া শুরু করলে সাম্যাবস্থায় 1 mol A অবশিষ্ট থাকে। বিক্রিয়াটির সাম্য ক্রমিক কত?

উত্তর : প্রাথমিক:  $2A = Y + 2Z$

$4 \quad 0 \quad 0$

সাম্যাবস্থা:  $4 - 2x \quad x \quad 2x$

$\therefore 4 - 2x = 1 \Rightarrow x = \frac{3}{2}; [A] = \frac{1}{5}, [Y] = \frac{2}{5} = \frac{3}{10}, [Z] = \frac{2x}{5} = \frac{2 \times \frac{3}{2}}{5} = \frac{3}{5} \therefore K_c = \frac{[Y] \times [Z]^2}{[A]^2} = \frac{\frac{3}{10} \times \frac{9}{25}}{\frac{1}{25}} = 2.7$  [BUTex: 2022-23]



প্রশ্ন-০২ : 30°C তাপমাত্রা এবং 1 atm চাপে A<sub>2</sub>B<sub>4</sub> এর 20% বিয়োজিত হয়; চাপ যদি বিগুণ করা হয় তাহলে বিক্রিয়ার দিক কোন দিকে হবে তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। [BU/Text. 2021-22]

উত্তর :  $A_2B_4 \rightleftharpoons 2AB_2$   
 প্রাথমিক অবস্থা: 1 0  
 সাম্যাবস্থা: 1-x 2x  
 $\therefore$  মোট মোল = 1 - x + 2x = 1 + x  
 $\therefore k_p = \frac{(P_{AB_2})^2}{P_{A_2B_4}} = \frac{4x^2 p^2 (1+x)}{(1+x)^2 (1-x)p} = \frac{4x^2 p}{1-x^2}$   
 1ম ক্ষেত্রে, P<sub>1</sub> = 1 atm, x<sub>1</sub> = 0.2  $\therefore k_p = \frac{4 \times 0.2^2 \times 1}{1 - (0.2)^2} = \frac{1}{6}$  atm  
 2য় ক্ষেত্রে: P<sub>2</sub> = 2 atm,  $\therefore k_p = \frac{4x_2^2 \times 2}{1 - x_2^2} \Rightarrow \frac{1}{6} = \frac{4x_2^2 \times 2}{1 - x_2^2} \Rightarrow x_2 = 0.143 = 14.3\%$   
 $\therefore x_2 < 20\%$ , তাই চাপ বিগুণ করলে বিয়োজনমাত্রা হ্রাস পাবে।  
 $\therefore$  বিক্রিয়া পশ্চাদ্গমে অগ্রসর হবে।

প্রশ্ন-০৩ : A<sub>2</sub>(g) + B<sub>2</sub>(g)  $\rightleftharpoons$  2AB(g); বিক্রিয়াটি 2L আয়তনের পাত্রে সম্পন্ন করা হয়। বিক্রিয়ার শুরুতে A<sub>2</sub> এর মোলসংখ্যা 2, B<sub>2</sub> এর মোলসংখ্যা 2 এবং সাম্যাবস্থায় উৎপাদের মোলসংখ্যা 3, 12। K<sub>p</sub> ও K<sub>c</sub> এর মান নির্ণয় কর। [BU/Text. 2021-22]

উত্তর :  $A_2(g) + B_2(g) \rightleftharpoons 2AB(g)$   
 প্রাথমিক অবস্থা: 2mol 2mol 0mol  
 সাম্যাবস্থা: (2-x)mol (2-x)mol 2x mol  
 $\therefore 2x = 3.12 \text{ mol} \Rightarrow x = 1.56 \text{ mol} \therefore [A_2] = \frac{2 - 1.56}{2} = 0.22 \text{ M}$   
 $\therefore [B_2] = \frac{2 - 1.56}{2} = 0.22 \text{ M} \therefore [AB] = \frac{3.12}{2} = 1.56 \text{ M}$   
 $\therefore K_c = \frac{[AB]^2}{[A_2] \times [B_2]} = \frac{1.56^2}{0.22 \times 0.22} = 50.28$ ; এখানে,  $\Delta n = 2 - 2 = 0$   
 $\therefore K_p = K_c = 50.28$

প্রশ্ন-০৪ : 1 L আয়তনের একটি পাত্রে যখন 0.1 mol PCl<sub>5</sub> কে উত্তপ্ত করা হয়, সাম্যমিশ্রণের মোট চাপ হয়  $4.38 \times 10^5 \text{ Nm}^{-2}$  তাপমাত্রা T = 450 K এ সাম্যাবস্থায়, K<sub>p</sub> এর মান নির্ণয় কর। [BUET. 2019-20]

উত্তর :  $PCl_5 \rightleftharpoons PCl_3 + Cl_2$   
 প্রাথমিক অবস্থা : (0.1) 0 0  
 সাম্যাবস্থা : (0.1-α) α α  
 $\therefore n = 0.1 - \alpha + \alpha + \alpha = (0.1 + \alpha)$ ; আমরা জানি, PV = nRT  
 $\Rightarrow n = \frac{PV}{RT} = \frac{4.38 \times 10^5 \times 1 \times 10^{-3}}{8.314 \times 450} = 0.11707 \text{ mol}$

শর্তমতে,  $0.1 + \alpha = 0.11707 \Rightarrow \alpha = 0.01707$   
 $\therefore K_p = \frac{P_{PCl_3} \cdot P_{Cl_2}}{P_{PCl_5}} = \frac{\left(\frac{\alpha}{0.1+\alpha}\right) \left(\frac{\alpha}{0.1+\alpha}\right) \times P_{\text{total}}^2}{\left(\frac{0.1-\alpha}{0.1+\alpha}\right) \times P_{\text{total}}} = \frac{\left(\frac{\alpha^2}{(0.1+\alpha)}\right) \times P_{\text{total}}}{(0.1-\alpha)} = 13145.70 \text{ Nm}^{-2} = 0.129738 \text{ atm}$

প্রশ্ন-০৫ : 25°C তাপমাত্রায় এবং 20.0 atm চাপে নিচের বিক্রিয়াটিতে সাম্যাবস্থায় 16.0% NH<sub>3</sub> থাকে। উক্ত অবস্থায় এ বিক্রিয়াটির K<sub>p</sub> এর মান নির্ণয় কর। [BUTEX: 2019-20]

উত্তর :  $\frac{1}{2}N_2 + \frac{3}{2}H_2 \rightleftharpoons NH_3$   
 প্রাথমিক অবস্থা: 1 3 0  
 সাম্যাবস্থা: 1-α 3(1-α) 2α  
 মোট মোল = 1 - α + 3 - 3α + 2α = 4 - 2α

প্রশ্নমতে,  $2\alpha = (4 - 2\alpha) \times 0.16$   
 $\therefore \alpha = 0.275862$   
 $\therefore P_{N_2} = \left(\frac{1-\alpha}{4-2\alpha}\right) \times P = 4.2 \text{ atm}$ ;  $P_{H_2} = \frac{3-3\alpha}{4-2\alpha} \times P = 12.6 \text{ atm}$   
 $P_{NH_3} = \frac{2\alpha}{4-2\alpha} \times P = 3.2 \text{ atm}$   
 $\therefore K_p = \frac{P_{NH_3}}{P_{N_2}^{1/2} \times P_{H_2}^{3/2}} = \frac{3.2}{\sqrt{4.2} \times (\sqrt{12.6})^3} = 0.035 \text{ atm}$

প্রকৃতপূর্ণ লিখিত প্রশ্ন

প্রশ্ন-০১ :  $\frac{1}{2}H_{2(g)} + \frac{1}{2}I_{2(g)} \rightleftharpoons HI_{(g)}$ ; 227°C তাপমাত্রায় এ সাম্য বিক্রিয়াটির সাম্যশ্রুতকের মান K<sub>c</sub> = 4.45 হলে-

$2HI_{(g)} \rightleftharpoons H_{2(g)} + I_{2(g)}$  সাম্য বিক্রিয়ার ক্ষেত্রে সাম্যশ্রুতক K<sub>c</sub> এর সঠিক মান কোনটি?

উত্তর :  $\frac{1}{2}H_{2(g)} + \frac{1}{2}I_{2(g)} \rightleftharpoons HI_{(g)}$  এ সাম্যবিক্রিয়ার ক্ষেত্রে সাম্যশ্রুতক,  $K_c = \frac{[HI]}{[H_2]^{1/2} \times [I_2]^{1/2}} = 4.45$  ----- (i)

এখন,  $2HI_{(g)} \rightleftharpoons H_{2(g)} + I_{2(g)}$

$\therefore K_c' = \frac{[H_2] \times [I_2]}{[HI]^2} = \left[\frac{1}{K_c}\right]^2 = \left(\frac{1}{4.45}\right)^2 = 0.05$







02.  $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$  বিক্রিয়াটির  $K_c$  এর মান 0.64 হলে  $\frac{1}{2} N_2(g)$

$+ \frac{3}{2} H_2(g) \rightleftharpoons NH_3(g)$  বিক্রিয়াটির  $K_c$  এর মান কত? [SUST-B 2017-18]

- A. 0.17      B. 0.40      C. 0.64  
D. 0.80      E. 1.28

**Ans D Analysis**  $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$  -এর জন্য  $K_c = \frac{[NH_3]^2}{[N_2][H_2]^3}$  ---- (i)

$\frac{1}{2} N_2 + \frac{3}{2} H_2 \rightleftharpoons NH_3$  -এর জন্য  $K_c' = \frac{[NH_3]}{[N_2]^{1/2}[H_2]^{3/2}}$  ----- (ii)

(i) + (ii)<sup>2</sup> হতে পাই,  $\frac{K_c}{(K_c')^2} = 1$

$\Rightarrow K_c = (K_c')^2 \therefore K_c' = \sqrt{K_c} = \sqrt{0.64} = 0.8$

03. 4.25 mol  $H_2$  ও 4.75 mol  $I_2$  মিশ্রণকে উত্তপ্ত করে 6.70 mol HI উৎপন্ন হলে,  $K_c$  এর মান কত? [JUST-C.2017-18]

- A. 33.63      B. 34.64  
C. 37.61      D. 35.61

**Ans D Analysis**  $H_2 + I_2 \rightleftharpoons 2HI$

ভরতে      4.25      4.75      0

সাম্যাবস্থায়      (4.25 - 3.35)      (4.75 - 3.35)      6.70

$\therefore K_c = \frac{[HI]^2}{[H_2][I_2]} = \frac{(6.70)^2}{(0.9)(1.4)} = 35.62$

04. 90°C তাপমাত্রায়  $PCl_5$  এর 35% বিয়োজিত হয়। সাম্যাবস্থায় মোট চাপ 1.5 atm হলে  $K_p$  এর মান কত? [JUST-C. 2016-17]

- A. 1.5 atm      B. 1 atm      C. 0.2094 atm  
D. 0.35 atm      E. 0.3094 atm

**Ans C Analysis**  $PCl_5$  এর বিয়োজনের ক্ষেত্রে  $K_p = \frac{\alpha^2}{1 - \alpha^2} P$

$K_p = \frac{(0.35)^2}{1 - (0.35)^2} \times 1.5 = 0.2094 \text{ atm}$

05. 2L আয়তনের একটি পাত্রে 1 মোল  $PCl_5$  এর বিয়োজনের ক্ষেত্রে সাম্যাবস্থায়  $PCl_5$  এর মোল সংখ্যা 0.2 হলে বিক্রিয়ার সাম্যাবস্থার মান কোনটি? [JUST-B. 2016-17]

- A. 3.6 মোল/লিটার      B. 4.6 মোল/লিটার  
C. 2.6 মোল/লিটার      D. 1.6 মোল/লিটার

**Ans D Analysis**  $PCl_5 \rightleftharpoons PCl_3 + Cl_2$

যেহেতু এখানে বলা হয়েছে সাম্যাবস্থায় 0.2mol  $PCl_5$  অবশিষ্ট থাকবে। সুতরাং 0.8mol  $PCl_5$  বিয়োজিত হয়ে 0.8mol  $PCl_3$  এবং 0.8mol  $Cl_2$  তৈরি করবে।

$[PCl_3] = \frac{0.8}{2}, [Cl_2] = \frac{0.8}{2}, [PCl_5] = \frac{0.2}{2}$

$\therefore K_c = \frac{[PCl_3][Cl_2]}{[PCl_5]} = \frac{\frac{0.8}{2} \times \frac{0.8}{2}}{\frac{0.2}{2}} = 1.6 \text{ mol L}^{-1}$

**ENGINEERING QUESTION**

01. 500 K তাপমাত্রায় 20 litre পাত্রে 1.57 মোল  $N_2$ , 1.92 মোল  $H_2$  এবং 8.13 মোল  $NH_3$  গ্যাস মিশ্রিত করা হলো। ঐ তাপমাত্রায় বিক্রিয়ার  $K_c$  এর মান  $1.7 \times 10^2$  হলে মিশ্রিত গ্যাসের বিক্রিয়া কোন দিকে যাবে? [CKRUET: 2022-23]

- A. মিশ্রণের সাম্যাবস্থা অপরিবর্তিত থাকবে  
B. সাম্যাবস্থা সম্মুখমুখী হবে      C. সাম্যাবস্থা পশ্চাৎমুখী হবে  
D. কোন বিক্রিয়া হবে না      E. বিক্রিয়াটি একমুখী হবে

